

36



RAIDHA COLLECTIONS LTD.

Manufacturer and exporter of Sweater

ঘুষ ও দুর্নীতি বিরোধী নীতিমালা Anti Bribe & Anti Corruption policy

পলিসি বাস্তবায়ন করবেনঃ এইচ আর এন্ড কসপ্লায়েন্স বিভাগ।	পলিসি বাস্তবায়নের তারিখঃ ০৩-১১-২০১৯ ইং পলিসি পুনঃ মূল্যায়নের তারিখঃ ০২-১১-২০২০ ইং
--	--

ঘুষ ও দুর্নীতি বর্তমান বিশ্বে একটি মারাত্মক ব্যাধি হিসাবে দেখা দিয়েছে। পোষাক শিল্প প্রতিষ্ঠানে ঘুষ ও দুর্নীতি ব্যাপকভাবে লক্ষ্য করা যাচ্ছে। এই লক্ষ্যে রাইদা কালেকশনস লিমিটেড ঘুষ ও দুর্নীতিকে মারাত্মক অপরাধ হিসাবে চিহ্নিত করেছেন এবং কারখানার সর্বত্র ঘুষ আদান প্রদান ও দুর্নীতি নিষিদ্ধ ঘোষণা করেছেন।

দুর্নীতির সংজ্ঞা : কারখানায় কর্মরত কোন কর্মকর্তা বা কর্মচারী কোন শ্রমিকের বা বাহিরের কোন ব্যক্তির নিকট হতে সুবিধা গ্রহণের নিমিত্তে অথবা কোন সরবরাহকারীর কাজ পাইয়ে দেওয়ার নিমিত্তে অন্যায়ভাবে কোর টাকা-পয়সা লেন-দেন করলে বা অন্য ভাবে কোন কিছুর বিনিময় হলে কর্তৃপক্ষের নিকট তাহা ঘুষ বা দুর্নীতি বলে প্রতীয়মান হবে। এক কথায় কোন প্রকার অবৈধ ও অনৈতিক কার্যকলাপকে ঘুষ বা দুর্নীতি বলে। ঘুষ ও দুর্নীতি প্রতিরোধে কর্তৃপক্ষ নিম্নোক্ত পদ্ধতি অবলম্বন করবে :-




- ❖ কারখানার সর্বত্র যে কোন স্থানে ঘুষ আদান প্রদান এবং দুর্নীতি নিষিদ্ধ।
- ❖ কাহারো কোন চাকুরী সংক্রান্ত কোন ব্যাপারে ঘুষ নেওয়া বা কাহাকে ঘুষ দেওয়া যাবে না।
- ❖ নিয়োগ সংক্রান্ত পরিক্ষায় অকৃতকার্য কোন ব্যক্তির ব্যাপারে সুপারিশ, ঘুষ নেওয়া হয়েছে হিসাবে গন্য হবে।
- ❖ কারখানায় কর্মরত কোন কর্মচারীর পদোন্নতি, বেতন বৃদ্ধি বা কোন অভিযোগ নামার ব্যাপারে উর্দ্ধতন কর্মকর্তার নিকট সুপারিশ দুর্নীতি হিসাবে গন্য হইবে।
- ❖ কোন পন্য ক্রয় করিয়া বেশী বিল করিলে তা দুর্নীতি হিসাবে গন্য হবে।
- ❖ কোন একটি পন্যের স্যম্পল কর্তৃপক্ষের নিকট হইতে অনুমোদন করিয়া একই ধরনের নিম্নমানের পন্য ক্রয় করা দুর্নীতি হিসাবে গন্য হবে।
- ❖ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত নির্ধারিত কোন সাপ্লাইয়ের নিকট হইতে কোন পন্য না কিনিয়া অন্য কোন সাপ্লায়ারের নিকট হইতে পন্য ক্রয় দুর্নীতি হিসাবে পরিগনিত হবে।
- ❖ প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সাপ্লাইয়ার ব্যতীত অন্য কোন সাপ্লাইয়ারের জন্য সুপারিশ ঘুষ আদান প্রদানের সমতুল্য হিসাবে বিবেচিত হবে।
- ❖ কর্তৃপক্ষকে না জানিয়ে কোন দলিল দস্তাবেজ হুবহু নকল দুর্নীতি হিসাবে গন্য হবে।
- ❖ কারখানার জন্য সুতা, এক্সেসরিজ, হ্যাংটেগ, পলিথিন, কার্টুন বা আনুসঙ্গিক দ্রব্যাদি সাপ্লায়ারের নিকট হতে ক্রয় করার বিনিময়ে সাপ্লায়ারের নিকট হতে কমিশন খাওয়া ঘুষ ও দুর্নীতি হিসাবে গন্য।



- ❖ কোন শ্রমিক/ কর্মচারীর নিকট থেকে সিনিয়র স্টাফ কোন বাড়তি সুবিধা গ্রহন করতে পারবে না। বাড়তি সুবিধা ঘুষ বা দুর্নীতি হিসাবে গন্য হবে।
- ❖ কর্মক্ষেত্রে কোন কাজের জন্য প্রতিদান স্বরূপ কোন উপহার গ্রহন বা প্রদান অনৈতিক কর্মকান্ড হিসাবে গন্য হবে।
- ❖ যদি কোন ব্যক্তি দুর্নীতি ও ঘুষের সাথে জড়িত বলে প্রমানিত হয়, তাহলে তাহার বিরুদ্ধে কোম্পানীর নিয়ম-কানুন অনুযায়ী আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

কর্তৃপক্ষ দুর্নীতি ও ঘুষের বিরুদ্ধে সব সময় সচেতন থাকে। এছাড়াও প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের ঘুষ ও দুর্নীতির ভয়াবহতা সম্পর্কে অবগত করার জন্য সচেতনমূলক কার্যক্রম পরিচালনা করা হয়। যদি কোন কর্মচারীর বিরুদ্ধে ঘুষ ও দুর্নীতির সাথে সম্পৃক্ততা পাওয়া যায় কর্তৃপক্ষ তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করবে।

সংগঠক : ঘুষ ও দুর্নীতি সংক্রান্ত যে কোন বিষয়ে ব্যবস্থা গ্রহনের জন্য ক্ষমতা প্রদান করে ডাইরেক্টর/জিএম এডমিন, হেড অফ একাউন্টস, এজিএম মার্চেন্ডাইজিং ও মার্কেটিং, ও সহঃ ব্যবস্থাপক এডমিন কে দায়িত্ব প্রদান করা হল।

		
প্রস্তুত কারীর স্বাক্ষরঃ	যাচাইকারীর স্বাক্ষরঃ	অনুমোদনকারীর স্বাক্ষরঃ
এইচ আর বিভাগ	জিএম (এইচ আর এন্ড কম্প্লায়েন্স)	চীফ-কো অর্ডিনেটর